

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
২৯৯, পশ্চিম জুরাইন, শ্যামপুর, ঢাকা।
www.food.dhakadiv.gov.bd

তারিখঃ ১৭/০৭/২০২৩

স্মারক নং-১৩.০১.০০০০.০০০.৪৫.০০৪.২৩- ৪৫৪

প্রাপকঃ মেসার্স.....
ডিআরটিসি।

বিষয়ঃ নারায়ণগঞ্জ সাইলো হতে তেজগাঁও সিএসডি, ঢাকাতে জারীকৃত সূচীর গম নির্ধারিত সময়ে বিনা ব্যর্থতায় পরিবহন সম্পন্ন করণ প্রসংগে।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ০৫/০৭/২০২৩ তারিখের ৮৩০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকের অনুমোদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৫/০৭/২০২৩ তারিখের ৩৬২৯নং স্মারকে নারায়ণগঞ্জ সাইলো হতে তেজগাঁও সিএসডি, ঢাকাতে ৩০০০ মে.টন গমের চলাচল উপ-সূচী জারী করা হয়। কিন্তু অদ্যাবধি জারীকৃত সূচীর মাত্র ৩৯০.০০০ মে.টন গম পরিবহন হয়েছে। তেজগাঁও সিএসডিতে গমের অভাবে বিভিন্ন খাতে বিলি-বিতরণ কার্যক্রমে ব্যাহত হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। গমের অভাবে বিলি-বিতরণে কোন প্রকার সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট ডিআরটিসির ঠিকাদার দায়ী থাকবেন।

এক্ষণে, নারায়ণগঞ্জ সাইলো হতে তেজগাঁও সিএসডিতে অত্র দপ্তর জারীকৃত সূচীর নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট অপরিবাহিত ঢাকা বিভাগীয় সড়ক পরিবহন ঠিকাদার(ডিআরটিসি) কে পরিবহন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। সূচীর নির্ধারিত সময়সীমার মধ্যে যে সকল প্রতিষ্ঠান সূচীকৃত খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হবেন, তাদের বিরুদ্ধে চুক্তিপত্রের শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। **বিষয়টি অতীব জরুরী।**

জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা।

তারিখঃ ১৭/০৭/২০২৩

স্মারক নং ১৩.০১.০০০০.২০৪.৪৫.০২৫.২৩-

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। অফিস কপি।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা